


টিকা সংক্রান্ত সাধারণ জিজ্ঞাসা ও সমাধান



কোভিড 19 করোনা
ভ্যাকসিন বিনামূল্যে পেতে
অনলাইনে নিবন্ধন করুন

healthalert.gov.bh

Bengali

ভ্যাকসিন কীভাবে কাজ করে?

◆ টিকা বা ভ্যাকসিনের মাধ্যমে ব্যাকটেরিয়া ও ভাইরাসের বিরুদ্ধে লড়াইতে শরীরে অ্যান্টিবডি'র মাত্রা বাড়িয়ে তোলে, যা রোগের বিরুদ্ধে শরীরের মধ্যে প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে।

আমাকে কেন টিকা নিতে হবে?

◆ সংক্রামক রোগের বিস্তার রোধে গুরুত্বপূর্ণ প্রতিরোধমূলক একটি ব্যবস্থা হল ভ্যাকসিন. এটি নিজেকে এবং সমাজকে সুরক্ষা দেয় এবং ভাইরাস সংক্রমণ রোধের পাশাপাশি ভাইরাসজনিত মৃত্যুর হারকে হ্রাস করে। প্রস্তাবিত ভ্যাকসিন গ্রহণ করার ফলে রোগ প্রতিরোধ ব্যবস্থা শক্তিশালী হয় ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সুরক্ষা হয়। তাই সংক্রামক ব্যাধি ঠেকানোর জন্য ভ্যাকসিন বা টিকা অত্যাবশ্যিক।

ভ্যাকসিন কি নিরাপদ ও কার্যকর?

◆ ভ্যাকসিন সাধারণত নিরাপদ হয়ে থাকে এবং এর উপকারগুলো ক্ষতির চেয়ে বেশি। ভ্যাকসিনগুলোকে কয়েকটি ক্লিনিকাল ট্রায়ালে পরীক্ষা করার সময় তার সুরক্ষা এবং কার্যকারিতা মূল্যায়ন করা হয়।

উৎপাদন প্রক্রিয়া কি দ্রুত সম্পন্ন করা হয়েছে?

◆ না, উৎপাদন প্রক্রিয়া ত্বরান্বিত হয়নি; তবে আন্তর্জাতিক সহযোগিতা এবং প্রযুক্তিগত অগ্রগতির কারণে বিজ্ঞানীদের আরও দ্রুত কাজ করার সাহস দিয়েছে যা জানুয়ারীতে ভাইরাল জিনেটিক কোড প্রকাশের অনুমতি দেয়। তদুপরি, বিভিন্ন দেশ প্রচলিত ও নতুন উভয় পদ্ধতির মাধ্যমে ভ্যাকসিন তৈরি করে যাচ্ছে, পাশাপাশি সাধারণত সবগুলো টিকা বৈজ্ঞানিক নিয়ন্ত্রণাবলীর মধ্যে উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন হয়।

কোভিড 19 ভ্যাকসিনের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া কী হয়ে থাকে?

◆ সামান্য কিছু পার্শ্ব প্রতিক্রিয়া ইনজেকশন সাইটে দেখা দিতে পারে যেমন ব্যথা এবং ফোলাভাব। তাছাড়াও, মাথাব্যথা, বমিবমি ভাব ও হালকা জ্বর সহ আরো সাধারণ লক্ষণ থাকতে পারে।

এই লক্ষণগুলো কীভাবে মোকাবেলা করতে হবে?

◆ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো যখন দেখা দেয় তখন তাদের ধরণ ও তীব্রতা অনুযায়ী মোকাবিলা করা হয়। ইনজেকশন সাইটে ব্যথা বা মাথা ব্যথার মত সামান্য লক্ষণগুলির জন্য ব্যথানাশক ব্যবহার করা যেতে পারে, তবে মাঝারি বা গুরুতর লক্ষণগুলি দেখা দিলে একজন চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

টিকা নেওয়ার আগে আমার জন্য কি করণীয় রয়েছে?

◆ টিকা নিতে আগ্রহী ব্যক্তির মাঝে কোভিড -19 সম্পর্কিত উপসর্গ না থাকতে হবে এবং ভ্যাকসিনের উপাদানের সাথে সংশ্লিষ্ট কোন তীব্র অ্যালার্জি না থাকতে হবে। মহিলারা গর্ভবতী না থাকতে হবে কিংবা গর্ভবতী হওয়ার পরিকল্পনা করা যাবেনা, বা টিকা নেওয়ার সময় বুকের দুধ খাওয়ানো যাবেনা। ভ্যাকসিন গ্রহণের পর কমপক্ষে তিন মাসের জন্য গর্ভনিরোধক ব্যবহার করতে হবে।

ভ্যাকসিনগুলো কীভাবে পরিচালিত হয় এবং ডোজগুলোর সংখ্যা কত?

◆ এই ভ্যাকসিনগুলো 21 দিনের ব্যবধানে ইনজেকশনের মাধ্যমে বাহুর পেশীর মধ্যে দুটি ডোজ দেওয়া হয়।

কাদের ভ্যাকসিন গ্রহণের অনুমতি রয়েছে?

(কোভিড -19) ভ্যাকসিনটি ১৮ বছর বা তার চেয়ে বেশি বয়স্কদের দেওয়া হয়।

COVID-19 থেকে সুস্থ লোকেরা কি টিকা নিতে পারে?

◆ হ্যাঁ, যিনি ইতিমধ্যে কোভিড -19 আক্রান্ত ছিলেন তাকে অবশ্যই সংক্রমণের 90 দিন পরে ভ্যাকসিন গ্রহণ করতে হবে। সম্মুখসারির স্বাস্থ্যকর্মী এবং অন্যান্য দুর্বল ব্যক্তিদের ইমিউনিটি সিস্টেম বা রোগ প্রতিরোধ ক্ষমতা যেভাবে হোক তাদেরকে ভ্যাকসিন গ্রহণ করতে হবে।

টিকা নেওয়ার পর আপনি কি কোভিড-19 পুনরায় আক্রান্ত কিংবা সংক্রমণ করতে পারেন?

◆ রোগ প্রতিরোধ ক্ষমতা মানুষের মধ্যে বিভিন্ন রকম হয়ে থাকে। ভাইরাস সংক্রমণ থেকে সুরক্ষার জন্য কিছু লোকের মধ্যে পর্যাপ্ত পরিমাণ প্রতিরোধ ক্ষমতা না থাকতে পারে তবে টিকা গ্রহণের ফলে মাঝারি ও গুরুতর লক্ষণ থেকে রক্ষা পাওয়া যাবে।

টিকা নেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন?

◆ যারা কোভিড-19 ভ্যাকসিন গ্রহণ করতে আগ্রহী তারা দয়া করে স্বাস্থ্য মন্ত্রালয়ের ওয়েবসাইটে অনলাইনে নিবন্ধন করুন:
<https://healthalert.gov.bh/>